

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ১০, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

শাখা-৫

প্রজ্ঞাপন

তারিখ, ২৬শে চৈত্র ১৪০৯/৯ই এপ্রিল ২০০৩

এস, আর, ও নং ৯২-আইন/২০০৩।— যেহেতু Essential Services (Second) Ordinance, 1958 (E.P. Ord. No. XLI of 1958), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লেখিত, এর Section 3 এর Sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র মন্ত্রণালয়ের ১৩-০৪-১৯৯৯ তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও নং ৭৩-আইন/৯৯ শ্রম-৮/৪(২)/৯৯ দ্বারা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ এর সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রযোজ্য ঘোষণা করিয়াছে, যাহা পরবর্তীতে অনধিক ৬(ছয়) মাস মেয়াদে ৭ (সাত) বার বৃদ্ধি করা হইয়াছে এবং সর্বশেষ বৃদ্ধির মেয়াদ আগামী ১১-০৪-২০০৩ ইং তারিখে শেষ হইবে; এবং

যেহেতু উপরি-উক্ত বোর্ড ও কর্তৃপক্ষের সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রয়োগের প্রয়োজনীয়তা এখনও বিদ্যমান;

সেহেতু সরকার উক্ত Ordinance এর Section 3 এর Sub-section (2) এ প্রদত্ত ক্ষমতাবলে এই মর্মে ঘোষণা করিল যে, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষের সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance আগামী ১২-০৪-২০০৩ তারিখ হইতে আরও ৬(ছয়) মাস প্রযোজ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

নন্দিতা সরকার

সিনিয়র সহকারী সচিব

(অতিঃ দায়িত্ব)।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৭০৭১)

মূল্য : টাকা ১.০০